

জনশুমারিতে তথ্য দিন
পরিকল্পিত উন্নয়নে অংশ নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
পরিসংখ্যান ভবন (২য় তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

জনশুমারি সর্বোচ্চ
অগ্রাধিকার

নং- ৫২.০১.০০০০.৪০৯.৯৯.২৭৪.২১. ৫০৫৮

তারিখঃ ২৫ বঙ্গাব্দ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় ক্রয়কৃত ট্যাবলেটসমূহ জেলাপর্যায়ে গ্রহণের নিমিত্ত কমিটি গঠন সংক্রান্ত।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালনাধীন জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর তথ্য সংগ্রহের কার্যক্রম ট্যাবলেট ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে পরিচালনা করা হবে। আগামী ১৫-২১ জুন ২০২২ খ্রি. সময়ে দেশব্যাপী মূল শুমারির তথ্যসংগ্রহের কার্যক্রম সম্পন্ন করা হবে। মূল শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রমে ব্যবহারের নিমিত্ত ক্রয়কৃত ট্যাবলেট ওয়ালটন ডিজিটেক ইন্ডাস্ট্রিজ লি. কর্তৃক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হবে। উক্ত ট্যাবলেটসমূহ জেলা পর্যায়ে গ্রহণের লক্ষ্যে 'ট্যাবলেট গ্রহণ কমিটি' নামে একটি কমিটি গঠন করা হলো। কমিটি গঠনের রূপরেখা এবং কার্যপরিধি নিম্নরূপ:


১.০। ট্যাবলেট গ্রহণ কমিটি :

ক্র. নং	কর্মকর্তার পদবি	কমিটিতে পদবি
০১।	উপপরিচালক/ উপপরিচালক (ভারপ্রাপ্ত)/ উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)	সভাপতি
০২।	সংশ্লিষ্ট জেলার যেকোন উপজেলায় কর্মরত - পরিসংখ্যান কর্মকর্তা/ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা/জেলায় কর্মরত সহকারী পরিসংখ্যান কর্মকর্তা	সদস্য (০২ জন)
০৩।	সংশ্লিষ্ট জেলা পরিসংখ্যান কার্যালয়ে কর্মরত পরিসংখ্যান সহকারী	সদস্য সচিব

১.১। কার্যপরিধি (ToR)

- জেলার জন্য নির্ধারিত সংখ্যক ট্যাবলেট প্রয়োজনীয় যাচাই-বাহাই পূর্বক গ্রহণ।
- ওয়ালটন ডিজিটেক ইন্ডাস্ট্রিজ লি. কর্তৃক প্রেরণকৃত Air Conditioner যে কক্ষে স্থাপন করা হয়েছে সেই কক্ষে ট্যাবলেটসমূহ সংরক্ষণ করতে হবে।
- ট্যাবলেট প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে ট্যাবলেট গ্রহণ প্রতিবেদন প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প বরাবর প্রেরণ করতে হবে।

২। উপরোক্ত কমিটির রূপরেখা অনুসারে কমিটির সদস্যগণের নাম, পদবী, কর্মস্থল উল্লেখপূর্বক কমিটি গঠন করে আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রকল্প দপ্তরে অনুলিপি প্রেরণ করতে হবে।


২৪-০৭-২০২২

মোঃ দিলদার হোসেন

(উপসচিব)

প্রকল্প পরিচালক

ফোনঃ ০২-৫৫০০৭০০৮

ই-মেইলঃ pd_phc21@bbs.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- যুগ্মপরিচালক/ যুগ্মপরিচালক(ভারপ্রাপ্ত)/ যুগ্মপরিচালক (অ. দা.), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল), বিবিএস।
- উপপরিচালক/ উপপরিচালক (ভারপ্রাপ্ত)/ উপপরিচালক (অ. দা.), জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল), বিবিএস।
- অফিস কপি।